



কোভিড-19 এ আক্রান্ত হওয়া শিশুর পরিচর্যা করা

15 ফেব্রুয়ারি, 2022

যদি আপনার পরিবারের কোনো শিশু [কোভিড-19 এ অসুস্থ](#) হয়, পিতা/মাতাগণ এবং পরিচর্যাকারীগণকে তাদের প্রাত্যহিক চাহিদাসমূহ পূরণ করার জন্য পরিচর্যা এবং সহায়তা প্রদান করা চালিয়ে যাওয়া উচিত। অধিকাংশ শিশুরই কোভিড-19 এর উপসর্গসমূহ প্রাপ্তবয়স্ক ব্যক্তিবর্গের চেয়ে মৃদু থাকে। কিছু শিশু কোভিড-19 এ খুব বেশী অসুস্থ হতে পারে, তাদের হাসপাতালে নেওয়ার প্রয়োজন হতে পারে বা তাদের আরো গুরুতর ও দীর্ঘস্থায়ী উপসর্গসমূহ থাকতে পারে।

যদি আপনার শিশুর নিম্নলিখিত বিষয়সমূহের যেকোনো একটি থাকে, [চিকিৎসা-সংক্রান্ত সাহায্য গ্রহণ করুন](#):



জ্বর বা শ্বাসকষ্ট হওয়া সহ বয়স 3 মাসের কম



ঘুম থেকে না ওঠা



জ্বর 7 দিনের চেয়ে বেশী স্থায়ী হয়



ফুসকুড়ি সহ জ্বর



নীলাভ ত্বকের রঙ



অবিরাম বমি বা ডায়রিয়া



যথেষ্ট পরিমাণে তরল পদার্থ পান না করা



দুর্বল রোগ-প্রতিরোধ ক্ষমতাসম্পন্ন (ইমিউনো কম্প্রোমাইজড) এবং জ্বর থাকা

নিম্নলিখিত বিষয়সমূহ করার মাধ্যমে কোভিড-19 এর [আরো বিস্তার প্রতিরোধ করুন](#):



বাড়ির ভেতরে [ভালো-মাপসই মাস্ক](#) পরিধান করা;



যে সকল বস্তু সবচেয়ে বেশী স্পর্শ করা হয় সেগুলোকে জীবাণুমুক্ত করা যেমন খালা-বাসনসমূহ, তৈজসপত্রসমূহ, কাউন্টারসমূহ, কলসমূহ, দরজার গোল হাতলসমূহ এবং শৌচাগারের (টয়লেট) হাতলসমূহ;



পরিবারের যে সকল সদস্যগণ কোভিড-19 থেকে গুরুতর অসুস্থ হওয়ার উচ্চ ঝুঁকিতে রয়েছেন তাদের কাছ থেকে যতটুকু সম্ভব বিচ্ছিন্ন থাকা;



আপনার শিশুর সাথে একই বিছানায় না ঘুমানো;



সাবান এবং জল দিয়ে হাত ধোয়া;



যতটুকু সম্ভব, পরিবারের অন্য সবার থেকে ছয় ফুট/দুই মিটার দূরত্ব বজায় রাখা;



জানালাসমূহ খোলার মাধ্যমে বায়ু চলাচল বৃদ্ধি করা, যদি এটি করা নিরাপদ হয়;



[পরিবারের সদস্যগণের](#) সবাইকে একই বিচ্ছিন্ন থাকার সময়ের (আইসোলেশন পিরিয়ড) জন্য অবশ্যই বাড়িতে থাকতে হবে।

আমাদের শিশু, পরিবারগণ এবং কমিউনিটিকে কোভিড-19 এর থেকে সুরক্ষা প্রদান করার জন্য আমাদের শিশুদের [টিকা গ্রহণ](#) সাহায্য করাই সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়, যা আমরা এই মুহূর্তে করতে পারি।